

🗏 ইবরাহীম | Ibrahim | إِبْرَاهِيم

আয়াতঃ ১৪: ২৫

া আরবি মূল আয়াত:

تُؤتِى أُكُلَهَا كُلَّ حِينٍ بِإِذنِ رَبِّهَا آ وَ يَضرِبُ اللهُ الاَمثَالَ لِلنَّاسِ لَعَلَّهُم يَتَذَكَّرُونَ ﴿٢٥﴾ يَتَذَكَّرُونَ ﴿٢٥﴾

সেটি তার রবের অনুমতিতে সব সময় ফল দান করে; আর আল্লাহ মানুষের জন্য নানা দৃষ্টান্ত প্রদান করেন, যাতে তারা উপদেশ গ্রহণ করে। — আল-বায়ান

তার প্রতিপালকের হুকুমে তা সব সময় ফল দান করে। মানুষদের জন্য আল্লাহ দৃষ্টান্ত বর্ণনা করেন যাতে তারা শিক্ষা গ্রহণ করে। — তাইসিরুল

যা প্রত্যেক মওসুমে ফল দান করে তার রবের অনুমতিক্রমে, এবং আল্লাহ মানুষের জন্য উপমা দিয়ে থাকেন যাতে তারা শিক্ষা গ্রহণ করে। — মুজিবুর রহমান

It produces its fruit all the time, by permission of its Lord. And Allah presents examples for the people that perhaps they will be reminded. — Sahih International

২৫. যা সব সময়ে তার ফলদান করে তার রবের অনুমতিক্রমে। আর আল্লাহ্ মানুষের জন্য উপমাসমূহ পেশ করে থাকেন, যাতে তারা শিক্ষা গ্রহন করে।

তাফসীরে জাকারিয়া

- (২৫) যা তার প্রতিপালকের অনুমতিক্রমে অহরহ ফল দান করে।[1] আর আল্লাহ মানুষের জন্য উপমা বর্ণনা করে থাকেন যাতে তারা শিক্ষা গ্রহণ করে।
 - [1] এর অর্থ এই যে, মু'মিনদের উদাহরণ ঐ (বারমেসে ফলদার) গাছের ন্যায়, যে গাছ শীত-গ্রীষ্ম সব সময় ফল দান করে। অনুরূপ মু'মিনদের সৎ কার্যাবলী দিবানিশির ক্ষণে ক্ষণে আকাশের দিকে (আল্লাহর কাছে) নিয়ে যাওয়া হয় كَلْمَةٌ طَيْبَةٌ (সংবাক্য) থেকে উদ্দেশ্য, ইসলাম অথবা কলেমা 'লা ইলাহা ইল্লাল্লাহ' এবং شَجَرَة طَيْبَةُ (উৎকৃষ্ট বৃক্ষ) বলতে খেজুর বৃক্ষকে বুঝানো হয়েছে, যেমন সহীহ হাদীস থেকে এ কথা প্রমাণিত। (বুখারীঃ কিতাবুল ইলম,



 क्री hadithbd.com
 কুরআন
 ইবরাহীম | Ibrahim | إِبْرَاهِيم

মুসলিম, কিতাবু সিফাতিল কিয়ামাহ)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1775

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন